তুরস্ক-সিরিয়ায় ভূমিকম্পে নিহত বেড়ে ৪৩০০

দক্ষিণ তুরস্ক এবং উত্তর সিরিয়ার ভূমিকম্পে মৃতের সংখ্যা ৪ হাজার ৩০০ জনের বেশি দাঁড়িয়েছে। খবর দ্য গার্ডিয়ান।

তুরস্কের দুর্যোগ ও জরুরি ব্যবস্থাপনা কর্তৃপক্ষের বরাত দিয়ে তুরস্কের আনাদোলু এজেন্সি জানিয়েছে, তুরস্কে মৃতের সংখ্যা কয়েক ঘণ্টা আগে ২,৩৭৯ থেকে ২৯২১ জন ছাড়িয়ে গেছে। আহত হয়েছেন ১৪ হাজারেরও বেশি মানুষ।

মৃতের এই সংখ্যা আরও বাড়তে পারে বলে আশঙ্কা করা হচ্ছে। তুরস্কের স্থানীয় সংবাদমাধ্যমগুলোর প্রতিবেদনে এমন তথ্য জানানো হয়েছে।

এদিকে, ভয়াবহ এই বিপর্যয়ে এখন পর্যন্ত বিশ্বের ৪৫টি দেশ সহায়তার প্রস্তাব দিয়েছে বলে জানিয়েছেন তুর্কি প্রেসিডেন্ট এরদোয়ান।

গত এক শতাব্দীর মধ্যে এটি সবচেয়ে শক্তিশালী ভূমিকম্পের একটি। রিখটার স্কেলে ভূমিকম্পটির তীব্রতা ছিল ৭ দশমিক ৮। স্থানীয় সময় সোমবার (৬ ফেব্রুয়ারি) ভোর সোয়া চারটার দিকে এটি আঘাত হানে। এ সময়ে লোকজন ঘুমিয়ে ছিল। ভয়াবহ এই ভূমিকম্পে বহু সরকারি ভবন ধসে পড়েছে। ভেতরে অনেক লোক আটকা পড়েছে।

উল্লেখ্য, তুরস্ক পৃথিবীর অন্যতম ভূমিকম্প প্রবণ এলাকা। দেশটিতে ১৯৯৯ সালে শক্তিশালী এক ভূমিকম্পে ১৭ হাজার লোক নিহত হয়।

সূত্র: ইত্তেফাক

তুরস্কে ভূমিকম্পে মৃত্য সংখা

৯ শতাধিকের বেশি

তুরস্কের দক্ষিণ-পূর্বাঞ্চলে আঘাত হানা শক্তিশালী ভূমিকম্পে দেশটিতে মৃতের সংখ্যা বেড়ে ৯১২–তে দাঁড়িয়েছে। তুরস্কের প্রেসিডেন্ট রিসেপ তাইয়েপ এরদোয়ান এ তথ্য জানিয়েছেন। এই ভূমিকম্পের আঘাতে পাশের দেশ সিরিয়ায় অন্তত ৩৮৬ জনের মৃত্যু হয়েছে।

স্থানীয় সময় আজ সোমবার ভোর ৪টা ১৭ মিনিটে এই ভূমিকম্প হয়। ভূমিকম্পের কেন্দ্র ছিল সিরিয়া সীমান্তবর্তী তুরস্কের গাজিয়ানতেপ শহরে। রিখটার স্কেলে ভূমিকম্পের মাত্রা ছিল ৭ দশমিক ৮। প্রায় ৮৪ বছর পর এমন শক্তিশালী ভূমিকম্পে কেঁপে ওঠে তুরস্ক। দুই দেশেই হতাহতের সংখ্যা আরও বাড়তে পারে বলে আশঙ্কা করা হচ্ছে।

ভূমিকম্পের পর রিসেপ তাইয়েপ এরদোয়ান বলেন, এখন পর্যন্ত তুরস্কে মৃতের সংখ্যা বেড়ে ৯১২ হয়েছে। এ ছাড়া ৫ হাজার ৩৮৩ জন আহত হয়েছেন। নিহত মানুষের সংখ্যা বেড়ে কত হতে পারে, সে সম্পর্কে কোনো ধারণা দিতে পারছেন না তিনি।

এদিকে সিরিয়ার রাষ্ট্রীয় টেলিভিশন চ্যানেলের দেওয়া তথ্য অনুযায়ী, দেশটির সরকারনিয়ন্ত্রিত অঞ্চলে ভূমিকম্পে অন্তত ২৩৯ জনের মৃত্যু হয়েছে। আহত হয়েছেন আরও ৬৪৮ জন। এই অঞ্চলগুলোর মধ্যে রয়েছে আলেপ্পো, হামা, লাতাকিয়া ও তারতুসের মতো শহরগুলো।

সিরিয়ায় বিদ্রোহীদের নিয়ন্ত্রিত অঞ্চলে হতাহতের খবর দিয়েছে এসব অঞ্চলে উদ্ধারকাজ চালানো দল হোয়াইট হেলমেট। এক টুইট বার্তায় তারা বলছে, ভূমিকম্পে সেখানে অন্তত ১৪৭ জনের মৃত্যু হয়েছে এবং ৩৪০ জনের বেশি আহত হয়েছেন। এখনো অনেক পরিবার ধ্বংসস্তূপের নিচে আটকে আছে। তাই হতাহতের সংখ্যা বাড়তে পারে।

ভূমিকম্পটি যখন আঘাত হানে, তখন বেশির ভাগ মানুষই ঘুমিয়ে ছিলেন। সিরিয়ার জাতীয় ভূকম্পন কেন্দ্রের প্রধান রায়েদ আহমেদ রাষ্ট্রীয় বেতার স্টেশনকে বলেন, ‘আমাদের এই কেন্দ্রের ইতিহাসে এটি সবচেয়ে বড় ভূমিকম্প।’ ১৯৯৫ সালে কেন্দ্রটি প্রতিষ্ঠিত হয়।

ইউনিভার্সিটি কলেজ লন্ডনের ভূকম্পনবিদ স্টিফেন হিকস বলেন, এর আগে ১৯৩৯ সালের ডিসেম্বরে তুরস্কের উত্তর-পশ্চিমাঞ্চলে ৭ দশমিক ৮ মাত্রার ভূমিকম্প হয়েছিল। ওই সময় ৩০ হাজার মানুষের প্রাণহানি

ঘটে। এ ঘটনার পর ২০২০ সালের জানুয়ারিতে তুরস্কের পূর্বাঞ্চলীয় এলাজিগ শহরে ৬ দশমিক ৭ মাত্রার ভূমিকম্পে ৪১ জন নিহত হয়েছিল। সে সময় আহত হয়েছিল ১ হাজার ৬০০–এর বেশি মানুষ।

সূত্র: এএফপি ও আল–জাজিরার

দৌলতপুরে প্রাগপুরে হেম আশ্রম লালন সঙ্গীত শুনলেন তুরস্কের রাষ্ট্রদূত

কুষ্টিয়ার দৌলতপুর উপজেলার প্রাগপুর হেম আশ্রম পরিদর্শন করলেন এবং লালন সঙ্গীত শুনলেন বাংলাদেশে নিযুক্ত তুরস্কের রাষ্ট্রদূত হিজ এক্সসিলেন মিস্টার মুস্তফা উসমান তুরান।

আজ রবিবার দুপুরে প্রাগপুর হেম আশ্রম পরিদর্শন করেন তিনি। এসময় তাকে গার্ড অব অনার দেওয়া হয়।
বাংলাদেশে বসবাসরত ফরাসি নাগরিক ও লালন সাধক দেবোরাহ কিউকারম্যান জান্নাতের আমন্ত্রণে মোস্তফা ওসমান তুরান হেম আশ্রম পরিদর্শন করেন। প্রবীণ বাউল ফকির নহির শাহ এই আশ্রমের প্রতিষ্ঠাতা।

তুরস্কের রাষ্ট্রদূত আশ্রমে সাধু ভক্তদের সঙ্গে মতবিনিময় করেন এবং সেখানে একটি বৃক্ষ রোপণ করেন। এরপর বিকেলের দিকে ঢাকার উদ্দেশে দৌলতপুর ত্যাগ করেন।

এদিন বেলা ১১টার দিকে হেলিকাপ্টার যোগে দৌলতপুর উপজেলার মথুরাপুর ইউনিয়নের মথুরাপুর মাধ্যমিক বিদ্যালয় চত্বরে নামেন তিনি।

এসময় তাকে দৌলতপুর উপজেলা পরিষদের পক্ষ থেকে ফুলেল শুভেচ্ছা জানান, উপজেলা পরিষদের চেয়ারম্যান অ্যাডভোকেট এজাজ আহম্মেদ মামুন,উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) আব্দুল জব্বার, অতিরিক্ত পুলিশ সুপার আবু রাসেল রাষ্ট্রদূতকে ফুলেল শুভেচ্ছা

জানান।

হেম আশ্রমের প্রতষ্ঠাতা ফকির নহির শাহ জানান, লালন সাধক দেবোরাহ কিউকারম্যান জান্নাতের আমন্ত্রণে মোস্তফা ওসমান তুরান হেম আশ্রম পরিদর্শন করেন। এসময় আশ্রমে সাধু ভক্তদের সঙ্গে মতবিনিময় করেন। আমরা লালন সঙ্গীত শুনিয়েছি। পরে আশ্রমে একটি আমের গাছ রোপন করেন তিনি (রাষ্ট্রদুত)।

মরমি সাধক ফকির লালন শাহকে নিয়ে গবেষণার জন্য সুদূর ফ্রান্স থেকে ২০১৬ সালের ফেব্রুয়ারি মাসে প্রথম গবেষণার কাজে বাংলাদেশে আসেন দেবোরা কিউকারম্যান। সাধুসঙ্গে এসে লালন দর্শনের প্রেমে পড়ে যান এই নারী। তারপর আর দেশে ফিরে যাননি। এরপর প্রখ্যাত বাউল ফকির নহির শাহের শিষ্য হন।

অবিবাহিত দেবোরা গুরুর আস্তানায় বসবাসকারী নহির শাহের আরেক শিষ্য রাজনকে বিয়ে করেন। এখনো গুরুর কাছে আত্মিক শান্তি ও সৃষ্টি রহস্য খুঁজতে দীক্ষা নিচ্ছেন। ফকির লালন শাহকে যতই জেনেছেন ততই তার প্রেমে পড়েছেন তিনি। বেড়েছে শ্রদ্ধা, ভক্তি ও প্রেমবোধ। বর্তমানে কুষ্টিয়ার দৌলতপুরে বসবাস করছেন তিনি। মাঝে মাঝে ফ্রান্সে ঘুরতে যান। নাম বদল করে হয়েছেন দেবোরা জান্নাত।

উল্লেখ্য, ফকির নহির শাহ বাংলাদেশের একজন প্রবীণ সাধক ও লালনভক্ত। লালন সাঁইজির সঙ্গে তাঁর উত্তরাধিকার সম্পর্ক–লতিকার পর্যায়ক্রমটা এই রকম: ফকির লালন শাহ, ভোলাই শাহ, কোকিল শাহ, লবান শাহ ওরফে আব্দুর রব শাহ, তারপরই ফকির নহির শাহ। আব্দুর রব শাহর প্রধান খলিফা ফকির নহির একাধারে আধ্যাত্মিক গুরু, ভাবসংগীতের শিক্ষক এবং সংগীত সংগ্রাহক।

১৯৭১ সালে ফকির নহির শাহ দেশের প্রয়োজনে মুক্তিযুদ্ধে যোগ দেন। ১৯৭৪ সালে গুরুবাক্য গ্রহণ করেন এবং ১৯৯৪ সালে খেলাফতপ্রাপ্ত হয়ে কুষ্টিয়ার প্রাগপুরে ‘হেম আশ্রম’ প্রতিষ্ঠা করে আধ্যাত্মিক সাধনায় মগ্ন হন।

পাকিস্তানের সাবেক প্রেসিডেন্ট পারভেজ মোশাররফ মারা গেছেন

পাকিস্তানের সাবেক প্রেসিডেন্ট জেনারেল (অব.) পারভেজ মোশাররফ ৭৯ বছর বয়সে মারা গেছেন।

রোববার (৫ ফেব্রুয়ারি) তার পরিবার এ তথ্য নিশ্চিত করেছে। সাবেক এই সামরিক শাসক দুবাইয়ের আমেরিকান হাসপাতালে অসুস্থতার জন্য চিকিৎসাধীন ছিলেন।

মোশাররফ ব্রিটিশ ভারতের দিল্লিতে ১৯৪৩ সালের ১১ আগস্ট জন্মগ্রহণ করেন। ১৯৬১ সালের ১৯ এপ্রিল তিনি পাকিস্তান মিলিটারি একাডেমি কাকুল থেকে কমিশন পান। সাবেক এই সামরিক শাসক ১৯৬৫ ও ১৯৭১ সালের যুদ্ধেও অংশ নেন।

১৯৯৪ সালে জেনারেল পদে উন্নীত হন এবং এক বছর পর ১৯৯৯ সালের ১২ অক্টোবর জেনারেল (অব.) মোশাররফ একটি অভ্যুত্থানের মাধ্যমে ক্ষমতা দখল করেন।

সূত্র: ইত্তেফাক

দায়িত্ব হারালেন নেপালের উপপ্রধানমন্ত্রী

নাগরিকত্ব আইন ভঙ্গ করায় নেপালের উপপ্রধানমন্ত্রী রবি লামিচানেকে সব দায়িত্ব থেকে সরিয়ে দেওয়ার নির্দেশ দিয়েছেন দেশটির সুপ্রিম কোর্ট। গতকাল শুক্রবার (২৭ জানুয়ারি) এই নির্দেশ দেন দেশটির সর্বোচ্চ আদালত। আল–জাজিরার এক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়।

প্রতিবেদনে বলা হয়, ৪৮ বছর বয়সী রবি লামিচানে নেপালের নতুন সরকারের উপপ্রধানমন্ত্রী এবং একই সঙ্গে দেশটির স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের দায়িত্ব পালন করছিলেন। গণমাধ্যমের প্রতিবেদনে বলা

হয়েছে, দ্বৈত নাগরিকত্ব সংক্রান্ত ঝামেলায় জড়িয়ে পদ থেকে অপসারিত হয়েছেন রবি লামিচানে।

নাগরিকত্ব আইন ভঙ্গ করায় নেপালের উপপ্রধানমন্ত্রী রবি লামিচানেকে সব দায়িত্ব থেকে সরিয়ে দেওয়ার নির্দেশ দিয়েছেন দেশটির সুপ্রিম কোর্ট।

নাগরিকত্ব আইন ভঙ্গ করায় নেপালের উপপ্রধানমন্ত্রী রবি লামিচানেকে সব দায়িত্ব থেকে সরিয়ে দেওয়ার নির্দেশ দিয়েছেন দেশটির সুপ্রিম কোর্ট।

গত ২৬ ডিসেম্বর নেপালের উপপ্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব নিয়েছিলেন তিনি। এর ঠিক মাসখানেকের মাথায় তার বিরুদ্ধে এমন রায় দিয়েছেন সুপ্রিম কোর্ট। রবি লামিচানে নেপালের এক সময়ের জনপ্রিয় টিভি উপস্থাপক।

টেলিভিশনে সম্প্রচারিত একটি সরাসরি অনুষ্ঠান টানা ৬২ ঘণ্টা উপস্থাপনা করে গিনেস ওয়ার্ল্ড রেকর্ডসে নাম উঠেছিল তার। পরে যুক্তরাষ্ট্রে পাড়ি জমান তিনি। সেখানেই বসবাস করতেন। পরবর্তী সময়ে দেশে ফিরে নিজের জনপ্রিয়তা কাজে লাগিয়ে রাজনীতিতে সক্রিয় হন।

রবি লামিচানে নেপালের রাষ্ট্রীয় স্বতন্ত্র পার্টির প্রতিষ্ঠাতা। গত বছরের জুনে রাজনৈতিক এই দল গঠন করা হয়। এবারের নির্বাচনে দলটি ১৯টি আসনে জয় পেয়েছে। গত বছরের ডিসেম্বরে নেপালে রাজনৈতিক অচলাবস্থা কাটাতে জোট সরকার গঠন করা হয়, তাতে যোগ দেয় দলটি।

প্রধানমন্ত্রী হন দেশটির বর্ষীয়ান রাজনীতিক পুষ্পকমল দহল প্রচণ্ড। উপপ্রধানমন্ত্রী পদে বসেন রবি লামিচানে। এক সময় রবি দেশ ছেড়ে স্থায়ী বসবাসের জন্য যুক্তরাষ্ট্রে পাড়ি জমিয়েছিলেন। যুক্তরাষ্ট্রের নাগরিকত্ব নিয়েছিলেন। যদিও ২০১৮ সালে তিনি মার্কিন নাগরিকত্ব ছেড়েছেন।

পরবর্তী সময়ে দেশে ফিরে রাজনীতিতে যোগ দেন। তবে সুপ্রিম কোর্ট জানিয়েছে, অন্য দেশের নাগরিকত্ব ছাড়তে রবি যথাযথ প্রক্রিয়া মানেননি। দেশে ফেরার পর তিনি নেপালের নাগরিকত্বের জন্য পুনরায় আবেদন করেননি। তাই তার নেপালি নাগরিকত্বের বৈধতা নেই। নেপাল দ্বৈত নাগরিকত্ব অনুমোদন করে না। এ পরিস্থিতিতে তার নির্বাচনে অংশ নেওয়া, গুরুত্বপূর্ণ সরকারি পদে বসা বৈধ হয়নি।

সূত্র: ইত্তেফাক

দামুড়হুদা সীমান্তে আটক ভারতীয় বৃদ্ধা নাগরিককে বিএসএফ এর নিকট হস্তান্তর

দামুড়হুদা উপজেলার মুন্সিপুর সীমান্ত এলাকা থেকে আটকের চাঁর দিনপর ভারতীয় অসুস্থ বৃদ্ধা নাগরিক মন্ডল জমিলা বেওয়া (৭৮)কে বিএসএফের নিকট হস্তান্তর করা হয়েছে।

গতকাল বুধবার সন্ধায় বিজিবি-বিএসএফ কোম্পানী কমান্ডার পর্যায়ে পতাকা বৈঠকের মাধ্যমে ভারতীয় নাগরিককে বিএসএফ এর নিকট হস্তান্তর করা হয়। আটককৃত বৃদ্ধা ভারতের নদীয়া জেলার ধুবুলিয়া থানার পাথরাদহ গ্রামের মৃত ফজলু’র স্ত্রী।

চুয়াডাঙ্গা-৬ব্যাটালিয়ন (বিজিবির) পরিচালক শাহ মোঃ ইশতিয়াক, পিএসসি জানান,গত তিন মাস আগে মন্ডল জমিলা বেওয়া বাংলাদেশী বসবাসকারী মেহেরপুরের কাসীয়ারী পাড়া গ্রামে তার আত্মীয়র বাড়ীতে বেড়াতে আসে। গত রবিবার (২২ জানুয়ারি) তিনি দামুড়হুদার মুন্সীপুর বিওপির ৯৩ মেইন পিলারের নিকট দিয়ে অবৈধ ভাবে ভারতে প্রবেশ করারর চেষ্টা করলে ৮২ বিএসএফ এর মহাখোলা ক্যাম্পের কর্তব্যরত সদস্যগণ তাকে ভারতে প্রবেশে বাধা প্রদান করে।

বিজিবির টহলদল বেলা তিনটার দিকে মুন্সিপুর এমপি ঘাট নামক স্থান থেকে তাকে আটক করে। বৃদ্ধা বার্ধক্যজনিত রোগী হওয়ায় ২৩ জানুয়ারি মুন্সীপুর বিওপির এবং মহাখোলা ক্যাম্পের ৮২ বিএসএফ ব্যাটালিয়নের ক্যাম্পের সীমান্তের ৯৩/৩-আর এর নিকট শুন্য লাইনে বিজিবি-বিএসএফ কোম্পানী কমান্ডার পর্যায়ে পতাকা বৈঠক অনুষ্ঠিত হয়। উক্ত বৈঠকে আটককৃত বৃদ্ধা মহিলাকে ভারতে ফেরত বিষয় উপস্থাপন করা হয়।

পরবর্তীতে ২৫ জানুয়ারি সন্ধায় মুন্সিপুর সীমান্তের ৯৩/৩-আর এর নিকট বিজিবি-বিএসএফ কোম্পানী কমান্ডার পর্যায়ে পতাকা বৈঠকের

মাধ্যমে ভারতীয় নাগরিককে বিএসএফ এর নিকট হস্তান্তর করা হয়।

পেশোয়ারের তরুণী নিশে খানকে বিয়ে করলেন শান মাসুদ

পাকিস্তানের টপ অর্ডার ব্যাটার শান মাসুদ বিয়ে করেছেন। শনিবার পাকিস্তানের পেশোয়ারে কনে নিশে খানের সঙ্গে তার বিয়ে সম্পন্ন হয়।

ক্রিকেট কিংবদন্তি শহিদ আফ্রিদি, বাবর আজম এবং অলরাউন্ডার শাদাব খানসহ পাকিস্তান ক্রিকেট দলের সদস্যরা এতে যোগ দেন। খবর জিও নিউজের।

ঘনিষ্ঠ বন্ধু-বান্ধব ও পরিবারের সদস্যদের জন্য আগামী ২৭ জানুায়ারি করাচিতে বরের বাড়িতে বিবাহোত্তর সংবর্ধনার আয়োজন করা হয়েছে।

গত এক সপ্তাহ ধরেই বিয়ের বিভিন্ন অনুষ্ঠান চলছে। ৩২ বছর বয়সি পাকিস্তান টিমের এ টপ অর্ডার ব্যাটারের জন্ম ১৯৮৯ সালের ১৪ অক্টোবর, কুয়েতে।

এ পর্যন্ত শান মাসুদ ২৭টি টেস্ট, পাঁচটি ওডিআই ও ১৯টি টি-২০ ম্যাচ খেলেছেন। ২০২২ সালে অনুষ্ঠিত টি-২০ বিশ্বকাপে পাকিস্তাল জাতীয় দলেও ছিলেন শান মাসুদ।

ইংল্যান্ডের কাউন্টি ক্রিকেটে ইয়র্কশায়ারের সঙ্গে এ বছর চুক্তি হয়েছে পাকিস্তানি এ ক্রিকেটারের। সব ফরম্যাট মিলিয়ে এ পর্যন্ত ২ হাজারের বেশি রান করেছেন তিনি।

এবার ১২ হাজার কর্মী ছাঁটাই করছে গুগল

কিছুদিন আগে মাইক্রোসফট ১০ হাজার কর্মী ছাঁটাই করেছে। এবার গুগলও একই পথে হাঁটছে। গুগলের মাদার কোম্পানি অ্যালফাবেট প্রায় ১২ হাজার কর্মী ছাঁটাইয়ের ঘোষণা দিয়েছে।

শুক্রবার এই কর্মী ছাঁটাইয়ের ঘোষণা দেয় কোম্পানিটি। বিশ্বজুড়ে অর্থনৈতিক অনিশ্চয়তার প্রেক্ষাপটে এ সিদ্ধান্ত নিয়েছে গুগল।

অ্যালফাবেট যে কর্মী ছাঁটাই করছে, তা শতকরা হিসাবে কোম্পানির প্রায় ৬ শতাংশ কর্মী।

এনডিটিভি জানায়, এরই মধ্যে বহু কর্মীর কাছে ইমেল পাঠিয়ে দিয়েছে অ্যালফাবেট। গুগল জানিয়েছে, যুক্তরাষ্ট্রে অ্যালফাবেটের কার্যালয়ের পাশাপাশি বিশ্বজুড়ে প্রতিষ্ঠানটির বিভিন্ন কার্যালয় থেকেও কর্মী ছাঁটাই করা হবে।

তবে অন্য দেশের স্থানীয় নিয়োগ আইনের কারণে ছাঁটাই প্রক্রিয়ায় সময় লাগতে পারে বলেও জানিয়েছে কোম্পানিটি।

গুগলের সিইও সুন্দর পিচাই বলেছেন, কর্মী ছাঁটাইয়ের এ সিদ্ধান্তের সম্পূর্ণ দায় আমার।

সূত্র: যুগান্তর

গিনেস বুকে ইলন মাস্কের লজ্জার রেকর্ড

টুইটার চিফ ইলন মাস্ক বছরের শুরুতে লজ্জার রেকর্ড গড়ে গিনেস বুকে নাম লেখালেন! এহেন ‘নজির’ যে তিনি গড়বেন, তা হয়তো তার বড় শত্রুও ভাবেননি। কিন্তু সত্যিটা ভাবনার থেকেও বড় হয়ে দাঁড়াল। টুইটার

কিনে বিপুল অর্থ খুইয়ে রেকর্ড গড়লেন মার্কিন ধনকুবের। ব্যক্তিগতভাবে সবচেয়ে বেশি লোকসান করে ইতিহাস তৈরি করেছেন মাস্ক।

গত শুক্রবার এমন খবরই প্রকাশ্যে আনে গিনেস বুক কর্তৃপক্ষ। তারা জানিয়েছে, ফোর্বসের হিসাব অনুযায়ী, ২০২১ সালের নভেম্বরের পর থেকে অন্তত ১৮২ বিলিয়ন ডলার লোকসান করেছেন মাস্ক। অন্য সূত্রের আবার দাবি, হিসাবের অঙ্কটা প্রায় ২০০ বিলিয়ন ডলার। অর্থাৎ ভারতীয় মুদ্রায় আনুমানিক ২০ হাজার কোটি টাকা!

জানা গেছে, ২০২১ সালের নভেম্বরের আগে মাস্কের মোট সম্পত্তির মূল্য যেখানে ৩২০ বিলিয়ন ডলার ছিল, সে মাসের পর থেকে নামতে নামতে ২০২৩ সালের জানুয়ারিতে এসে তা দাঁড়িয়েছে ১৩৭ বিলিয়ন ডলারে। এর থেকেই মাস্কের বিপুল লোকসানের অঙ্কটা অনেকটাই স্পষ্ট।

এর একটি কারণ তার কোম্পানি টেসলা স্টকের খারাপ পারফরম্যান্স। একটি সংবাদমাধ্যমের খবর বলছে, টুইটার কেনার জন্য প্রথম দফায় টেসলার ৭ বিলিয়ন ডলার, পরে ৪ বিলিয়ন ডলার এবং পরে আরও ৩.৫৮ বিলিয়ন ডলার স্টক বিক্রি করেছেন মাস্ক। এ বিপুল অর্থ খুইয়েই লজ্জার রেকর্ড করে গিনেস বুকে নাম তুলেছেন তিনি। আর এর সঙ্গেই বিশ্বের ধনীতম ব্যক্তি হওয়ার তকমাও হারিয়েছেন। বিশ্বের ধনীতমদের শীর্ষে ফ্রান্সের বার্নার্ড আরনল্ট। তার সম্পত্তির মূল্য ১৯০ বিলিয়ন ডলার।

সূত্র:যুগান্তর

মেহেরপুর সীমান্ত এলাকা থেকে ৫৮ লাখ টাকার ইউএস ডলার ও বাংলাদেশী টাকাসহ এক পাচারকারী

আটক

মেহেরপুর সদর উপজেলার বুড়িপোতা সীমান্ত এলাকা দিয়ে ইউএস ডলার পাচার করার সময় ৩৮ হাজার ইউএস ডলার, ১৭ লাখ বাংলাদেশী টাকা ও একটি মোটরসাইকেলসহ রুবেল নামের এক পাচারকারীকে আটক করেছে বিজিবি।

আজ বৃহস্পতিবার সকাল ১১ টার সময় বুড়িপোতা সীমান্ত ফাঁড়ীর কমান্ডার নায়েব সুবেদার মোঃ তৌহিদুজ্জামান এর নেতৃত্বে বিশেষ টহলগোপন সংবাদের ভিত্তিতে সীমান্ত পিলার ১১৬ হতে ৫০ গজ বাংলাদেশের অভ্যন্তরে খালপাড়া নামক স্থানে চালিয়ে তাকে আটক করে। আটক রুবেল সদর উপজেলার খালপাড়ার চাঁদ আলীর ছেলে।

এসময় তার কাছে থাকা ব্যাগের মধ্যে ৪ ব্যান্ডেলে ১০০ ইউএস ডলার মানের ৩৮০টি নোট, যার মূল্য ৪০ লাখ ৬৬ হাজার (বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইট হতে ১২ জানুয়ারি ২০২৩ তারিখে প্রকাশিত ০১ ইউএস ডলার সমান বাংলাদেশী ১০৭ টাকা মূল্য অনুযায়ী), বাংলাদেশী নগদ ১৭ লাখ টাকা এবং ১টি মোটর সাইকেল আটক করতে সক্ষম হয়। যার সর্বমোট সিজার মূল্য ৫৮ লাখ ৬৬ হাজার টাকা।

বিজিবির চুয়াডাঙ্গা ব্যটালিয়ন অধিনায়ক শাহ মো: ইসতিয়াক পিএসসি জানান, মেহেরপুরের বুড়িপোতা সীমন্ত পিলার ১১৬ হতে ৫০ গজ বাংলাদেশের অভ্যন্তরে খালপাড়া নামক স্থানে ইউএস ডলার পাচার করছে এমন খবরের ভিত্তিতে বিজিবি একটি বিশেষ দল সেখানে অবস্থা নেয়। সকাল আনুমানিক ১১টার দিকে দেখতে পায় একজন অজ্ঞাত ব্যক্তি মোটর সাইকেলে একটি ব্যাগ বহন করে ভারতের দিকে গমণ করছে। বিজিবি টহল দল তাকে চ্যালেঞ্জ করলে ওই ব্যক্তি মোটর সাইকেলযোগে দ্রুত পালিয়ে যাওয়ার চেষ্টা করলে টহলদল তাকে আটক করে। পরে তার কাছে থাকা ব্যাগ তল্লাশি করে ইউএস ডলার ও বাংলাদেশী টাকা পাওয়া যায়।

এ ঘটনায় মেহেরপুর সদর থানায় মামলা দায়ের করে আসামীকে থানায় হস্তান্তর করা হয়েছে এবং ইউএস ডলার ও বাংলাদেশী নগদ টাকা মেহেরপুর ট্রেজারী অফিসে জমা করা হয়েছে বলে তিনি জানান।